
ভোরের কাগজ DEC. 4 1999

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতার পর আজ প্রথম সমাবর্তন

## ছাত্রদল প্রতিবাদে রাজধানীতে ৬ ঘন্টার হরতাল ডেকেছে
## ক্যাম্পাসে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা

**পিনাকী রায় :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৮ বছরের ইতিহাসের ৪০তম এবং স্বাধীনতাত্তোরকালে প্রথম সমাবর্তন আজ শনিবার অনুষ্ঠিত হচ্ছে। ছাত্র সংগঠনগুলোর বিরোধিতা, শিক্ষকদের একটি অংশের বর্জনের ঘোষণা সত্ত্বেও কর্তৃপক্ষ সমাবর্তনের সমস্ত আয়োজন সম্পন্ন করেছে। প্রধান বিরোধী ছাত্র সংগঠন ছাত্রদল রাজধানীতে আজ ৬-১২টা হরতাল আহ্বান করায় বিশ্ববিদ্যালয়ের এ বিশাল আয়োজনে কিছুটা বিপত্তি ঘটতে পারে বলে আশঙ্কা রয়েছে। অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ৫ সহস্রাধিক সদস্য নিয়োজিত থাকবে।

সমাবর্তনের উল্লেখযোগ্য দিক হলো নোবেলবিজয়ী বাঙালি অর্থনীতিবিদ ড. অমর্ত্য সেনকে ডক্টর অব সায়েন্স এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টর অব ল' ডিগ্রি প্রদান। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তকে কেন্দ্র করেই বিএনপি-জামাত সমর্থক শিক্ষকরা সমাবর্তন অনুষ্ঠান বর্জন করছে। জাতীয়তাবাদী ছাত্রদল আজ হরতাল ডেকেছে। তাদের বক্তব্য- প্রধানমন্ত্রীকে রাজনৈতিক সিদ্ধান্তে এ ডিগ্রি দেওয়া হচ্ছে। এ বক্তব্যের জবাবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেছেন, সকল শিক্ষকের সম্মতিতেই প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডিগ্রি দেওয়ার



*সমাবর্তন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তৈরি সুদৃশ্য তোরণ.*

সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য দূরীকরণ, শান্তি আনয়ন এবং নিরক্ষরতা দূরীকরণে অবদানের জন্য তাঁকে এ সম্মান দেওয়া হচ্ছে বলে উপাচার্য জানান।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য গতকাল শুক্রবার এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের গুরুত্ব উপলব্ধি করে সকলকে যথাযথভাবে সহযোগিতা করার অনুরোধ জানিয়েছেন। প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয়ের জন্মের পর কখনোই নিয়মিতভাবে সমাবর্তন অনুষ্ঠান সম্ভব হয়নি।

নোবেলবিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন সমাবর্তনে যোগ দিতে গতকাল দুপুর সোয়া ১২টায় সস্ত্রীক ব্যাংকক থেকে ঢাকা পৌঁছেছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও অন্যান্য শিক্ষক এবং পরিকল্পনা প্রতিমন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীর অধ্যাপক সেনকে গতকাল বিমানবন্দরে স্বাগত জানান। অধ্যাপক সেন আজ ডিগ্রি গ্রহণ শেষে আগামীকাল কলকাতার উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন।

বিমানবন্দরে সাংবাদিকদের কাছে অধ্যাপক অমর্ত্য সেন বলেন, শান্তিনিকেতনে তাঁর জন্ম হলেও তাঁর পূর্বপুরুষগণ ছিলেন এ মাটিরই সন্তান। তিনি বলেন, 'আমার পিতামহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনারারি কোষাধ্যক্ষ ছিলেন। বাবা আশুতোষ সেন এ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের কৃষি রসায়ন শাস্ত্রের

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৫



*পুলিশের সঙ্গে মিছিলকারীদের সংঘর্ষের পর গতকাল পুলিশ ছাত্রদলের মিছিল থেকে ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল (ডানের ছবি) ও সাধারণ সম্পাদক পিন্টুকে (মাঝের ছবি) গ্রেপ্তার করে। এ ঘটনার পরিপ্রেক্ষিতে ছাত্রদল কর্মীরা একটি বিআরটিসি বাসে অগ্নিসংযোগ করে (বাঁয়ের ছবি)* —ভোরের কাগজ

## স্বাধীনতার পর আজ প্রথম সমাবর্তন

● প্রথম পাতার পর

অধ্যাপক ছিলেন।'

প্রসঙ্গত, অমর্ত্য সেন গত বছর অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভের পর এই পুরস্কারের অংশবিশেষ ভারত ও বাংলাদেশের অনগ্রসর মানুষের কল্যাণে ব্যয়ের জন্য দান করার ঘোষণা দেন। জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জে অধ্যাপক সেন বলেন, বাংলাদেশে একটি ওয়েলফেয়ার ট্রাস্ট পরিচালনার জন্য শিগগিরই তিনি অধ্যাপক রেহমান সোবহান ও ড. কামাল হোসেনের সঙ্গে আলাপ করবেন।

এখানে উল্লেখ্য, বিএনপি সমর্থিত দুজন সাবেক উপাচার্য অমর্ত্য সেনকে সমাবর্তনে যোগ না দেওয়ার অনুরোধ করে ফ্যাক্স পাঠিয়েছিলেন বলে জানা গেছে।

সমাবর্তন দুটি পর্বে অনুষ্ঠিত হবে। প্রথম পর্বে সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ড. অমর্ত্য সেনকে ডক্টর অফ সায়েন্স এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ডক্টর অফ ল' ডিগ্রি দেওয়া হবে। সমাবর্তন উদ্বোধন ঘোষণা করবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদ।

দ্বিতীয় পর্বে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের সম্মাননা দেওয়া হবে। এ পর্বে অমর্ত্য সেন ছাত্রছাত্রীদের উদ্দেশে সমাবর্তন বক্তৃতা দেবেন। দ্বিতীয় পর্বের অনুষ্ঠান দুপুর ২টায় শুরু হয়ে পৌনে ৪টা পর্যন্ত চলবে। এ পর্বে ১৭০০ গ্র্যাজুয়েটকে ডিগ্রি দেওয়া হবে। সমাবর্তনে যোগ দেওয়ার জন্য দেশের বিশিষ্ট নাগরিকদের আমন্ত্রণ জানানো হয়েছে।

সমাবর্তন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৫টি প্রবেশপথে অর্থাৎ নীলক্ষেত, শাহবাগ, 'হাইকোর্টের মোড়, পলাশী এবং সমাবর্তন প্যান্ডেল জিমনেসিয়ামের সামনে ৫টি তোরণ নির্মাণ করা হয়েছে। জিমনেসিয়ামের মাঠে সমাবর্তন প্যান্ডেল নির্মাণের কাজও শে[ষ] হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কার্জন হ[ল] এনেক্স ভবন, কলাভবনের সামনের অং[শ] মোকাররম ভবন, টিএসসি, বিশ্ববিদ্যালয়ে[র] রাস্তার পাশের দেওয়াল সমাবর্তন উপলক্ষে রং করা হয়েছে। এ ছাড়া আজ সক[ল] ছাত্রাবাসের সামনের অংশে আলোকসজ্জা করা হবে।

প্রধানমন্ত্রীর ডিগ্রি গ্রহণ অনুষ্ঠানে[র] বিরোধিতা করে সমাবর্তনের দিন ছাত্রদ[ল] হরতাল ডাকায় ক্যাম্পাসে নিরাপত্তা ব্যব[স্থা] জোরদার করা হয়েছে। এ সম[য়] বিশ্ববিদ্যালয় এলাকায় ৫ হাজা[র] নিরাপত্তারক্ষী মোতায়েন থাকবে। ছাত্রদল ছাত্রসমাজ ও ছাত্রশিবির যৌথভাবে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা চালাতে পারে এ রকম আশঙ্কা করে পুলিশ গতকাল উভ[য়] সংগঠনের মিছিলে লাঠিচার্জ ও ব্যাপ[ক] ধরপাকড় করেছে।

এ ছাড়া বাম ছাত্র সংগঠনগুলো প্রধানমন্ত্রীকে ডিগ্রি দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করবে। ছাত্রলীগ কর্তৃপক্ষের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। তার ইতিপূর্বে জাপান ও বোস্টন বিশ্ববিদ্যাল[য়] থেকে প্রধানমন্ত্রীকে দেওয়া সম্মাননাপত্র সংবলিত লিফলেট বের করেছে সকলকে বিলি করার জন্য। বিরোধী ছাত্র সংগঠনগুলোর বিশৃঙ্খলা রোধে ছাত্রলীগ আজ ক্যাম্পাসের ১৭টি স্পটে অবস্থান নেবে। প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানাতে মাথায় ক্যাপ ও হাতে ব্যাজ পরে প্রধানমন্ত্রী যতোক্ষণ ক্যাম্পাসে থাকবেন ততোক্ষণ তারা রাস্তার পাশে অবস্থান নিয়ে থাকবে। গতকাল সন্ধ্যায় তারা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে ক্যাম্পাসে মিছিল করেছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়াম মাঠে সমাবর্তন র‍্যালির ড্রেস রিহার্সেল অনুষ্ঠিত হয়। স্বাধীনতা-উত্তরকালে প্রথম সমাবর্তনের রিহার্সেলে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সঙ্গে শিক্ষক, ছাত্রছাত্রীরা অংশ নেয়। রিহার্সেল শেষে সমাবর্তনের গাউন পরে ছাত্রছাত্রীদের ক্যাম্পাসের বিভিন্ন স্থানে ছবি তুলতে দেখা গেছে।